**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 1/17/2025 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর HOCHUL ঘোষণা করলেন যে GLOBALFOUNDRIES নিউ ইয়র্ক স্টেটে একটি অ্যাডভান্সড প্যাকেজিং এবং ফোটোনিক্স সেন্টার স্থাপন করবে, যা হবে এধরণের প্রথম সেন্টার

***নিউ ইয়র্কের অ্যাডভান্সড প্যাকিং ক্ষমতাকে উল্লেখযোগ্যভাবে বাড়িয়ে দেয়, যা সেমিকন্ডাক্টর ম্যানুফ্যাকচারিং প্রক্রিয়ার জন্য একটি মুখ্য ধাপ***

***AI, অটোমোটিভ, অ্যারোস্পেস এবং ডিফেন্সের জন্য ব্যবহার হওয়া চিপসের জন্য অতি প্রয়োজনীয়***

***ডোমেস্টিক চিপ তৈরির ক্ষমতা বাড়াতে, জাতীয় নিরাপত্তা জোরদার করতে, এবং নিউ ইয়র্কের ক্যাপিটাল রিজিয়নে নজিরবিহীন স্থানীয় ও স্টেটব্যাপী অর্থনৈতিক বিকাশ চালনা করতে সাহায্য করবে***

***নিউ ইয়র্ক স্টেটে সেমিকন্ডাক্টর ম্যানুফ্যাকচারিংয়ের গ্লোবাল হাব স্থাপন করার জন্য গভর্নর Hochul-এর (হোকল) প্রতিশ্রুতিকে অগ্রসর করবে***

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে সারাটোগা (Saratoga) কাউন্টিতে অবস্থিত একটি শীর্ষ সেমিকন্ডাক্টর ম্যানুফ্যাকচারার, GlobalFoundries (GF) অ্যাডভান্সড প্যাকেজিং এবং টেস্টিংয়ের জন্য একটি নতুন সেন্টার তৈরি করতে 575 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে, এবং তাদের মাল্টার (Malta) ম্যানুফ্যাকচারিং ফ্যাসিলিটিতে আগামী 10 বছরের বেশি সময় ধরে রিসার্চ ও ডেভেলপমেন্ট (Reaserch & Develpment, R&D) করার জন্য আরো 186 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে। New York Advanced Packaging and Photonics Center, GlobalFoundries-এর অ্যাডভান্সড প্যাকেজিং ক্ষমতা বাড়িয়ে দিবে, যা চিপস ডিজাইন ও ম্যানুফ্যাকচার করার একটি অতি গুরুত্বপূর্ণ অংশ। এই চেষ্টাগুলি আগামী পাঁচ বছর ধরে ক্যাপিটাল রিজিয়নে (Capital Region) 102টি নতুন ফুলটাইম চাকরি তৈরি করবে বলে আশা করা যাচ্ছে।

"GlobalFoundries একটি প্রমাণিত অর্থনৈতিক উৎপাদনকারী যারা দেখায় যে ঠিক কীভাবে এই ইন্ডাস্ট্রিটি একটি অঞ্চলকে বদলে দিতে পারে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "তাদের ধারাবাহিক বিকাশ ও সাফল্য ক্যাপিটাল রিজিয়ন এবং স্টেট উভয়ের জন্য আশীর্বাদের মতো, এবং এটি বাসিন্দা ও ব্যবসাকে একইভাবে আকৃষ্ট করে। ফোটোনিক্স এবং অন্যান্য

অ্যাপ্লিকেশনের জন্য অ্যাডভান্সড প্যাকেজিংয়ে GlobalFoundries-এর এক্সপ্যানশন হলো নিউ ইয়র্কের (New York, NY) জন্য একটি ভালো খবর এবং আমরা যাতে 21 শতকের অর্থনীতিতে প্রতিযোগিতা করতে থাকতে পারি তা নিশ্চিত করার জন্য আমি Biden (বাইডেন) অ্যাডমিনিস্ট্রেশন, সিনেটর Schumer (শুমার) এবং আমাদের কংগ্রেসনাল প্রতিনিধিদলকে (congressional delegation) ধন্যবাদ জানাচ্ছি।"

**GlobalFoundaries-এর প্রেসিডেন্ট এবং CEO ডাঃ টমাস কলিফিল্ড (Dr. Thomas Caulfield) বলেন,** "নতুন এই সেন্টারের জন্য স্টেট ও ফেডারেল পর্যায়ে পার্টনারশিপ করতে পেরে আমরা গর্বিত, এটি হলো আমাদের কাস্টোমাররা তাদের সাপ্লাই চেইনে যে আরো জিওডাইভার্সিটি এবং GF সিলিকন ফোটোনিক্স, ট্রাস্টেড এবং 3D/HI-এর জন্য অ্যাডভান্সড প্যাকেজিং সমাধানের জন্য বাড়তি সমর্থন দাবি করছে তার একটি সরাসরি সাড়াদান। New York Advanced Packaging and Photonics Center হবে আমাদের ইন্ডাস্ট্রির জন্য অনন্য এবং এম্পায়ার স্টেটের (Empire State) বিশ্বমানের সেমিকন্ডাক্টর ম্যানুফ্যাকচারিং এবং ইনোভেশন ইকোসিস্টেমের ধারাবাহিক বিকাশে এটি একটি অতি প্রয়োজনীয় ভূমিকা পালন করবে।"

মাল্টাতে কোম্পানির বিদ্যমান ফ্যাব 8 ফ্যাসিলিটিটি অ্যাডভান্সড ম্যানুফ্যাকচারিংয়ের ক্ষেত্রে জাতীয়ভাবে শীর্ষদের মধ্যে আছে, তারা প্রতি বছর 400,000 ওয়েফার উৎপাদন করে। এখন পর্যন্ত কোম্পানিটি ফ্যাব 8-এ 15 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করেছে এবং বর্তমানে ক্যাপিটাল রিজিয়নে তারা 2,500 জন কর্মীকে চাকরি দিচ্ছে।

মাল্টাতে তাদের ফ্যাব বড় করার জন্য GlobalFoundries-এর বিদ্যমান পরিকল্পনার উপর ভিত্তি করে New York Advanced Packaging and Photonics Center হচ্ছে। নতুন সেন্টারের সমর্থনে নিউ ইয়র্ক স্টেট 20 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত দিবে, যা পারফর্ম্যান্সভিত্তিক Green CHIPS প্রোগ্রাম থেকে GlobalFoundries-এর জন্য এর আগে যে 550 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করা হয়েছে তার সাথে যোগ হবে। ইউনাইটেড স্টেটসের (United States, U.S.) ডিপার্টমেন্ট অফ কমার্স সেন্টারটির সমর্থনে 75 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত সরাসরি তহবিল দিবে, যা কোম্পানির পূর্বে চূড়ান্ত হওয়া CHIPS Act অর্থের সাথে মিলিত হবে।

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, CEO এবং কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন,** "গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্ব ও বিনিয়োগের অধীনে, নিউ ইয়র্ক স্টেট আমেরিকার (America) সেমিকন্ডাক্টর ইন্ডাস্ট্রির পুনরুত্থানকে চালনা করছে। ক্যাপিটাল রিজিয়নে বিনিয়োগ, বিকাশ, এবং আরো বেশি চাকরি তৈরির জন্য GlobalFoundries-এর সিদ্ধান্ত হলো স্টেটের কৌশলের সাফল্যের প্রমাণ, এবং এটির প্রমাণ যে নিউ ইয়র্কের কেন্দ্রে সত্যিই ইনোভেশন রয়েছে।"

**সিনেটের মেজোরিটি লিডার Charles Schumer (চার্লস শুমার) বলেন,** "আমার বাইপার্টিসান CHIPS & Science Law-এর কারণে, GlobalFoundries এখন ক্যাপিটাল রিজিয়নে একটি অ্যাডভান্সড চিপ প্যাকেজিং এবং টেস্টিং সেন্টার গঠনের পরিকল্পনা করছে, যা হবে এ ধরণের প্রথম সেন্টার, যা সেমিকন্ডাক্টর ম্যানুফ্যাকচারিংয়ে দেশের ফেরত আসার ক্ষেত্রে নেতৃত্ব দেওয়ার জন্য আপস্টেট NY-এর ক্ষমতা আরো বাড়াবে। গত বছর আমি যে 1.5

বিলিয়ন মার্কিন ডলার চিপস তহবিল নিশ্চিত করেছি তার পাশাপাশি বাড়তি এই 75 মিলিয়ন মার্কিন ডলার দিতে পেরে আমি গর্বিত, এটি ক্যাপিটাল রিজিয়ন এবং বৃহত্তর আপস্টেট NY-এর চিপস ইকোসিস্টেমকে আমরা যা ভেবেছি তার থেকেও আরো বড় হয়ে উঠতে সাহায্য করবে। ক্যাপিটাল রিজিয়নের এই নতুন ফ্যাসিলিটিটি নিশ্চিত করবে যাতে ইউনাইটেড স্টেটসে নিরাপদে সেমিকন্ডাক্টর ম্যানুফ্যাকচারিং, প্যাকেজ, এবং টেস্ট করার সম্পূর্ণ কাজ করা যায়, যা আমাদের অটো, ডিফেন্স, এবং AI-এর মতো টেক ইন্ডাস্ট্রির জন্য অতি প্রয়োজনীয়। এর অর্থ হলো এখানে GlobalFoundries-এর মাল্টা ফ্যাসিলিটি নতুন, ভালো বেতনের চাকরি তৈরি করবে, বিদেশে তৈরি চিপসের উপর থেকে নির্ভরশীলতা কমাবে, এবং আমেরিকার জন্য আরো জোরদার জাতীয় ও অর্থনৈতিক নিরাপত্তা পাওয়া যাবে। যখন আমি বাইপার্টিসান CHIPS & Science Law লিখেছিলাম, তখন আমি নিশ্চিত করেছি যাতে মাল্টাতে GlobalFoundries যে অতি প্রয়োজনীয় ধরণের চিপ তৈরি করে তার জন্য বিশেষ করে তহবিল থাকে, এবং তা লাভের কারণ হয়ে চলেছে যেহেতু আমরা নতুন এই বিকাশ দেখছি। নিউ ইয়র্কে GlobalFoundries-এর এক্সপ্যানশন এছাড়াও সম্ভব হয়েছে গভর্নর Hochul-এর (হোকল) পার্টনারশিপের কারণে, এই ইন্ডাস্ট্রিকে আমাদের উপকূলে ফেরত আনতে তার অবিচল সমর্থন ও নেতৃত্বের জন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি। আজকে আমরা ক্যাপিটাল রিজিয়ন এবং আপস্টেট NY-তে আমেরিকার চিপ ইন্ডাস্ট্রির কেন্দ্র তৈরি করার ক্ষেত্রে আরেকটি অগ্রগামী ধাপ নিচ্ছি।"

GlobalFoundries-এর নিউ ইয়র্ক ফ্যাবের ট্রাস্টেড ফাউন্ড্রি (Trusted Foundry) অ্যাক্রেডিশন আছে এবং ম্যানুফ্যাকচারাররা U.S. সরকারের সাথে পার্টনারশিপে চিপস নিশ্চিত করে।

এখন পর্যন্ত, অ্যাডভান্সড প্যাকেজিংয়ে সবথেকে বেশি ডোমেস্টিক বিনিয়োগ হয়েছে অ্যারিজোনা (Arizona) এবং টেক্সাসে (Texas)। মাল্টাতে একটি উল্লেখযোগ্য অ্যাডভান্সড প্যাকেজিং হাব তৈরি হলে তা ক্যাপিটাল রিজিয়নের এবং সার্বিকভাবে নিউ ইয়র্কের জন্য সুযোগের একটি প্রভাবশালী নতুন সিরিজ নিয়ে আসবে, যাতে একটি সারা বিশ্বে প্রতিযোগিতা করতে সক্ষম সেমিকন্ডাক্টর ইন্ডাস্ট্রির ক্লাস্টারের বিকাশ চালিয়ে যাওয়া যায়।

**নিউ ইয়র্কের সেমিকন্ডাক্টর ইন্ডাস্ট্রি বিকাশে গভর্নর Hochul-এর (হোকল) প্রতিশ্রুতি**
গভর্নর হোকল একটি গতিশীল এবং উদ্ভাবনী সেমিকন্ডাক্টর শিল্পের বিকাশের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে একটি আধুনিক অর্থনীতি প্রতিষ্ঠায় দৃঢ় প্রতিশ্রুতি বজায় রেখেছেন। নিউ ইয়র্ককে সেমিকন্ডাক্টর প্রস্তুতকরণের কেন্দ্র করতে, একবিংশ শতাব্দীর চাকরি তৈরি করতে এবং গুরুত্বপূর্ণ পরিবেশের সুরক্ষা বজায় রাখার পাশাপাশি অর্থনৈতিক প্রবৃদ্ধি শুরু করে দেওয়ার জন্য গভর্নর 2022 সালে নিউ ইয়র্কের ঐতিহাসিক সবুজ CHIPS বিধিমালায় স্বাক্ষর করেন। অর্থবছর 2024 এর প্রণীত বাজেটের অংশ হিসেবে, গভর্নরের সেমিকন্ডাক্টর সম্প্রসারণ, ব্যবস্থাপনা, এবং সমন্বয় অফিস (Governor’s Office of Semiconductor Expansion, Management, and Integration, GO-SEMI) তৈরি করতে গভর্নর হোকল 45 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ নিশ্চিত করছেন, যা চিপ তৈরির খাত বিকাশ করার জন্য স্টেটব্যাপী প্রয়াসের নেতৃত্ব দিবে। 2023 সালের ডিসেম্বর মাসে, গভর্নর Hochul (হোকল) একটি 10 বিলিয়ন মার্কিন ডলারের সরকারি বেসরকারি পার্টনারশিপ ঘোষণা করেন, যার মধ্যে আছে International Business Machines Corporation (IBM), Micron, Applied Materials, Tokyo Electron এবং সেমিকন্ডাক্টর খাতে শীর্ষে থাকা থেকে অন্যদের থেকে 9 বিলিয়ন মার্কিন ডলার বেসরকারি বিনিয়োগ, যা Albany NanoTech Complex-এ দেশের প্রথম এবং একমাত্র ইন্ডাস্ট্রির

অ্যাক্সেসিবল, হাই NA EUV লিথোগ্রাফি কেন্দ্র (High NA EUV Lithography Center) তৈরি করার মাধ্যমে নিউ ইয়র্কের ক্যাপিটাল রিজিয়নে আধুনিক সেমিকন্ডাক্টর গবেষণার ভবিষ্যৎ নিয়ে আসবে, যা কিছুদিন আগে 825 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল তহবিল পেয়েছে এবং CHIPS and Science Act-এর অধীনে CHIPS for America EUV অ্যাক্সিলারেটর হিসেবে স্বীকৃতি পেয়েছে।

নিউ ইয়র্কে একটি শক্তিশালী সেমিকন্ডাক্টর ইন্ডাস্ট্রি আছে যা 156টির বেশি সেমিকন্ডাক্টর এবং সাপ্লাই চেইন কোম্পানিকে সমর্থন করে যেখানে 34,000-এর বেশি নিউ ইয়র্কবাসী চাকরি করে। গভর্নর হোকলের প্রয়াসের কারণে, মাইক্রন, গ্লোবালফাউন্ড্রিজ (GlobalFoundries), অ্যাডভান্সড মাইক্রো ডিভাইসেস (Advanced Micro Devices, AMD), এডওয়ার্ডস ভ্যাকুয়াম (Edwards Vacuum), মেনলোমাইক্রো (MenloMicro) এবং TTM টেকনোলজিসের (TTM Technologies) মতো সেমিকন্ডাক্টর ব্যবসা এবং সরবরাহ চেইন কোম্পানি নিউ ইয়র্কে নিজেদের উপস্থিতি সম্প্রসারিত করতে যে মুখ্য বিনিয়োগ করছে তা পেয়ে শিল্পখাতটি বিকশিত হওয়া অব্যাহত রাখছে। প্রকৃতপক্ষে, বিগত দুই বছরে চিপ কোম্পানিগুলি নিউ ইয়র্কে পরিকল্পিত ক্যাপিটাল বিনিয়োগ হিসেবে 112 বিলিয়ন মার্কিন ডলারের বেশি ঘোষণা করেছে, যা অন্য যেকোনো স্টেটের থেকে বেশি, এবং U.S.-এ উৎপাদিত প্রতি চারটি চিপের মধ্যে একটি আপস্টেট নিউ ইয়র্কের 350 মাইলের মধ্যে উৎপাদিত হবে। দেশের অন্য কোনো অঞ্চলে অভ্যন্তরীণ উৎপাদনের এর থেকে বড় অংশ থাকবে না।

দেশের অর্থনৈতিক শক্তির জন্য সেমিকন্ডাক্টর অত্যাবশ্যকীয়, এটি আধুনিক ইলেকট্রনিক্সের মস্তিষ্ক হিসেবে কাজ করে, এবং মার্কিন যুক্তরাষ্ট্র রের অর্থনৈতিক বিকাশ, জাতীয় নিরাপত্তা, এবং বৈশ্বিক প্রতিযোগিতামূলক মনোভাবের জন্য অতি গুরুত্বপূর্ণ প্রযুক্তি সম্ভব করে। শিল্পখাতটি মার্কিন যুক্তরাষ্ট্রে প্রত্যক্ষভাবে 300,000 ব্যক্তিকে চাকরি প্রদান করে এবং 1.8 মিলিয়নের বেশি অতিরিক্ত অভ্যন্তরীণ চাকরিকে সমর্থন করে। সেমিকন্ডাক্টর মার্কিন যুক্তরাষ্ট্রের শীর্ষ পাঁচটি রপ্তানির মধ্যে একটি, এবং শিল্পখাতটি শ্রম উৎপাদনশীলতার ক্ষেত্রে অবদান রাখার ব্যাপারে এক নম্বরে আছে, এবং কৃষিকাজ থেকে প্রস্তুতকরণ পর্যন্ত প্রায় সকল অর্থনৈতিক খাতের কার্যকারিতা ও দক্ষতার উন্নতি করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন